# সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড

নিবন্ধন নম্বর: ১১৮, তারিখ: ২৪/১১/২০১০ খ্রিস্টাব্দ

ঠিকানা ঃ গ্রামঃ ভৈরব বাজার, ডাকঘরঃ ভৈরব, উপজেলাঃ ভৈরব, জেলাঃ কিশোরগঞ্জ।

পত্র নং- ০১

তারিখ: ২৩/১২/২০২৫খ্রি:

এতদ্দ্বারা সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড এর সকল সম্মানিত সদস্যদের জানানো যাচ্ছে যে, ব্যবস্থাপনা কমিটির ১৮/১১/২০২৫ খ্রিস্টাব্দ সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৯/০১/২০২৬ খ্রিস্টাব্দ রোজ: বৃহস্পতিবার, সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড এর কার্যালয়ে বিশেষ সাধারণ সভায় ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠিত হবে। উক্ত বিশেষ সাধারণ সভায় সকাল ১১.০০ ঘটিকা হতে বিকাল ০৩:০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে সমিতির উপ-আইন অনুযায়ী ০১(এক)জন সভাপতি, ১(এক) জন সহ-সভাপতি, ১(এক)জন সম্পাদক ও ৬(ছয়)জন ব্যবস্থাপনা কমিটির সদস্যসহ মোট: ০৯(নয়) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি অত্র সমিতির সদস্যদের সরাসরি ভোটে (গোপন ব্যালেটে) সমবায় সমিতি আইন '২০০১ (সংশোধিত আইন',২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমাল',২০০৪(সংশোধিত,২০২০) বিধি মোতাবেক নির্বাচিত হবেন।

উক্ত নির্বাচন পরিচালনার জন্য জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ মহোদয়ের আদেশ নম্বর; ৪৭.৬১.৪৮০০.০০০.০০০.৩৩.০০৬০. ২৫.১০৭০; তারিখঃ ১১/১২/২০২৫ খ্রিস্টাব্দ মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ২৩/১২/২০২৫ খ্রিস্টাব্দ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী অদ্য ২৩/১২/২০২৫ খ্রিস্টাব্দ নিম্নোক্ত ভাবে নির্বাচনী তফসীল ঘোষণা করা হলো। সমিতির সম্মানিত সদস্যগণকে নির্বাচনে অংশগ্রহণসহ সর্বাত্মক সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো।

## নির্বাচনী তফসীল,২০২৫

| ক্রমিক | বিবরণ | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ১। | মনোনয়নপত্র বিতরণ | ৩১/০১/২০২৫ খ্রিঃ বুধবার<br>০১/০১/২০২৬ খ্রিঃ বৃহস্পতিবার | বেলা ১২ ঘটিকায় হতে<br>বেলা ৩ ঘটিকায় পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ২। | মনোনয়নপত্র জমা | ০৫/০১/২০২৫ খ্রিঃ সোমবার | বেলা ১২টা হতে বেলা ৩ টা পর্যন্ত | ঐ |
| ৩। | মনোনয়ন পত্র বাছাই (প্রার্থী নিজে বা প্রতিনিধির উপস্থিতিতে যদি কেহ উপস্থিত থাকে) | ০৭/০১/২০২৫ খ্রিঃ বুধবার | বেলা ১২ ঘটিকায় | ঐ |
| ৪। | প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ | ০৭/০১/২০২৬খ্রিঃ বুধবার | বাছাই সমাপ্তির পর | সমিতির নোটিশ বোর্ড |
| ৫। | মনোনয়নপত্র বাতিলের বিরুদ্ধে আপীল আবেদন গ্রহণ | ১১/০১/২০২৬ খ্রিঃ রবিবার<br>ও<br>১২/০১/২০২৬ খ্রিঃ সোমবার | সকাল ৯টা হতে বিকাল ৫টা পর্যন্ত | জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ এর কার্যালয়। |
| ৬। | আপীলের শুনানী গ্রহণ | ১৩/০১/২০২৬ খ্রিঃ মঙ্গলবার<br>১৪/০১/২০২৬ খ্রিঃ বুধবার<br>১৫/০১/২০২৬ খ্রিঃ বৃহস্পতিবার | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৭। | আপীলের রায় ঘোষণা | ১৫/০১/২০২৬ খ্রিঃ বৃহস্পতিবার | আপীল কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময় | ঐ |
| ৮। | বৈধ প্রার্থীদের তালিকা প্রকাশ | ১৮/০১/২০২৬ খ্রিঃ রবিবার | সকাল ১১ ঘটিকায় | সমিতির নোটিশ বোর্ড |
| ৯। | মনোনয়ন পত্র প্রত্যাহার (লিখিত আবেদনের মাধ্যমে) | ১৯/০১/২০২৬ খ্রিঃ সোমবার | বেলা ১২টা হতে<br>বেলা ৩টা পর্যন্ত | সমিতির কার্যালয় |
| ১০ | প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ, চূড়ান্ত তালিকা প্রকাশ | ২১/০১/২০২৬ খ্রিঃ বৃহস্পতিবার | বেলা ১২ ঘটিকায় | ঐ |
| ১১। | বিনা প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | ২২/০১/২০২৬ খ্রিঃ বৃহস্পতিবার | বেলা ১২ ঘটিকায় | ঐ |
| ১২। | ভোট গ্রহণ | ২৯/০১/২০২৬ খ্রি: বৃহস্পতিবার | সকাল : ১১টা হতে বিকাল ৩টা পর্যন্ত বরতিহীনভাবে | সমিতির কার্যালয় |
| ১৩। | ফলাফল ঘোষণা | ২৯/০১/২০২৬ খ্রি: বৃহস্পতিবার | ভোট গননার পর | সমিতির নোটিশ বোর্ড |

নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত প্রতীক সমূহ (ব্যবস্থাপনা কমিটির জন্য)

| পদের নাম (ব্যবস্থাপনা কমিটি) | নির্বাচন কমিটি কর্তৃক প্রার্থী অনুযায়ী নির্ধারিত প্রতীক সমূহ |
|---|---|
| (১) সভাপতি | ছাতা, হারিকেন, চেয়ার, টেলিভিশন। |
| (২) সহ-সভাপতি | আনারস, বটগাছ, তালা, কাপ-পিরিচ। |

| | |
|---|---|
| (৪) সদস্য,ব্যবস্থাপনা কমিটি | ঘুড়ি, টেবিল, জগ, দেয়াল-ঘড়ি, দোয়াত, হরিণ, কম্পিউটার, হাতি, মোরগ, চাকা, টিউবয়েল, তবলা, প্রজাপতি, লাটিম, মই, মোমবাতি, উড়োজাহাজ, আম, বাইসাইকেল, হাঁস। |

বি:দ্রঃ প্রার্থীর তুলনায় প্রতীকের সংখ্যা কম হলে নির্বাচন কমিটি কর্তৃক নতুন প্রতীক বরাদ্দ করা হবে।

## অন্যান্য জ্ঞাতব্য ও পালনীয় বিষয়সমূহ ঃ

১। মনোনয়নপত্র গ্রহণকারীর নাম চুড়ান্ত ভোটার তালিকায় না থাকলে তার নামে মনোনয়ন পত্র প্রদান করা হবে না।

২। মনোনয়ন পত্র গ্রহণের পূর্বে মনোনয়নপত্রের ফি (ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নির্ধারিত) সমিতির অফিসে জমা প্রদান করতঃ জমার মূল রশিদ প্রদর্শন পূর্বক মনোনয়ন পত্র গ্রহণ করতে হবে।

৩। প্রার্থী নিজে অথবা ক্ষমতাপ্রাপ্ত বাহক মারফত মনোনয়নপত্র গ্রহণ করতে পারবেন। তবে মনোনয়নপত্র জমাদানের সময় প্রার্থীকে স্ব-শরীরে নির্বাচন কমিটির নিকট উপস্থিত হতে হবে।

৪। নির্বাচন কমিটি কর্তৃক সরবরাহকৃত এবং প্রার্থী কর্তৃক যথাযথভাবে পূরনকৃত মনোনয়নপত্রে ও প্রার্থী কর্তৃক সংযুক্ত ছবিতে সমিতির সভাপতি/নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং উপজেলা সমবায় অফিসার, ভৈরব,কিশোরগঞ্জ/জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

৫। মনোনয়ন পত্র জমা দানের সময় মনোনয়ন পত্রের সঙ্গে প্রার্থীর ১ কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং মনোয়নপত্র ক্রয়ের রশিদ সংযুক্ত করে দাখিল করতে হবে।

৬। নির্বাচন কমিশন কর্তৃক সরবরাহকৃত মনোনয়নপত্র ব্যতীত অন্য কোন মনোনয়নপত্র গ্রহন করা যাবে না।

৭। ভোটাধিকার প্রয়োগের ক্ষেত্রে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ৩৭ ধারা ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৮৮ বিধি অনুসরণ করা হবে।

৮। মনোনয়নপত্র পূরনের ক্ষেত্রে সমিতির সদস্য রেজিষ্ট্রার অনুসরণ করতে হবে এবং ঠিকানার ক্ষেত্রে সভ্য নির্বাচনী এলাকার ঠিকানা উল্লেখ করতে হবে।

৯। সমিতির সভাপতি বা সম্পাদক নিজে প্রার্থী হলে নিজের ছবি ও মনোনয়ন পত্র নিজে সত্যায়ন করা যাবে না। সমিতির নির্বাহী কর্মকর্তা বা না থাকলে সভাপতির ক্ষেত্রে সম্পাদক ও সম্পাদকের ক্ষেত্রে সভাপতি সত্যায়ন করতে পারবে।

১০। প্রার্থীগণকে সমবায় সমিতি আইন/২০০১ (সংশোধনী ২০০২ ও ২০১৩) এর ১৭,১৮(৮) ও ১৯ ধারা, এবং সমবায় বিধিমালা ২০০৪ এর ২৪ বিধান মতে নির্বাচনের প্রতিদ্বন্দ্বিতা করার জন্য যোগ্য হতে হবে।

১১। কোন সদস্য একাধিক পদে প্রার্থী হতে পারবে না।

১২। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। সমব্য়ায় সমিতি বিধিমালা ২০০৪ এর ৩৪(৪) বিধান অনুযায়ী নির্বাচন অনুষ্ঠানের পূর্বে বিরোধ মামলা দায়ের করা যাবে না।

১৪। মনোনয়ণপত্র প্রত্যাহারের জন্য নির্বাচন কমিটি বরাবর লিখিত আবেদন দাখিল করতে হবে।

১৫। মনোনয়ন পত্রে ফ্লুইড ব্যবহার ও ওভার রাইটিং বা কাটাকাটি করা যাবে না।

১৬। একজন প্রার্থী তার মনোনয়ন পত্রে একটি মাত্র প্রতীক দাবী করতে পারবে।

১৭। একজন সদস্য একাধিক মনোনয়নপত্র গ্রহন করতে পারবে। তবে একটি পদের জন্য একটি মাত্র মনোনয়ন পত্র জমা দিতে হবে।

১৮। মনোনয়ন পত্র বাংলা ভাষায় পূরণ করতে হবে।

১৯। চূড়ান্ত ভোটার তালিকায় উল্লেখিত সদস্যগনই ভোট প্রদান করতে পারবেন।

২০। প্রার্থীর বয়স কমপক্ষে ২১ বছর এবং সমিতির সদস্য হিসেবে কমপক্ষে ১ বছর হতে হবে।

২১। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(মো: কামাল হোসেন)
সদস্য
নির্বাচন কমিটি
সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ
সদস্য-১৩৪৯

(মো: আব্দুল হাই)
সদস্য
নির্বাচন কমিটি
সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ
ও
সহকারী পরিদর্শক,
উপজেলা সমবায় কার্যালয়.ভৈরব.কিশোরগঞ্জ।

(খায়রুল কবীর)
সভাপতি
নির্বাচন কমিটি
সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ
ও
পরিদর্শক,জেলা সমবায় কার্যালয়।
কিশোরগঞ্জ ।

পত্র নং-০১/১(৪)

তারিখ ঃ ২৩/১২/২০২৫ খ্রিস্টাব্দ।

অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সমিতির নোটিশ বোর্ড।
২। সভাপতি/সদস্য,অর্ন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি, সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিঃ সদস্যগণের অবগতির জন্য নির্বাচনী তফসীল প্রকাশ ও প্রচার করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩। উপজেলা সমবায় অফিসার,ভৈরব,কিশোরগঞ্জ।
৪। জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ।(সদয় অবগতির জন্য)

সভাপতি
নির্বাচন কমিটি
সীমান্ত মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড